

# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

চিকনাগুল

সিলেট

২০২২-২০২৩ অর্থ-বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)-হালনাগাদকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি -	প্রকৌঃ মোঃ ফারুক হোসেন মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব), আহবায়ক ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার।
সভার তারিখঃ	০৩-০৯-২০২৩
সভার সময়ঃ	সকাল ১১.০০ ঘটিকায়
স্থানঃ	কোম্পানির সভাকক্ষ
উপস্থিতিঃ	কমিটির সকল সদস্য (সংযোজনী "ক")

## ১। ভূমিকাঃ

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্তে পূর্নগঠিত কমিটির একটি সভা গত ০৩-০৯-২০২৩ তারিখে প্রধান কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্যগণ উপস্থিত ছিলেন (উপস্থিতি সংযুক্ত)। সভাপতি শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।


## ২। আলোচনাঃ

সভাপতি এবং সিটিজেন চার্টার কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা উল্লেখ করেন যে, সর্বশেষ কর্ম বন্টন অনুযায়ী এবং কয়েকজন কর্মকর্তার পদায়ন/বদলীজনিত কারণে এসজিএফএল এর সিটিজেন চার্টারে কর্মকর্তাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করা প্রয়োজন। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০১৭, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে এবং পেট্রোবাংলার নির্দেশনা মোতাবেক প্রতিশ্রুত সেবা সমূহ ৩টি ভাগে চিহ্নিত করা হয় (নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা, অভ্যন্তরীণ সেবা)। সেই মোতাবেক এসজিএফএল এর সিটিজেন চার্টার হালনাগাদের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া সিটিজেন চার্টার উপস্থিত সদস্যদের মতামত এর আলোকে চূড়ান্ত করা হয়।

তাহাড়া, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে পেট্রোবাংলার সহিত স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন, ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন। আওতাধীন দপ্তর সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সংক্ষিপ্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করণ বিষয় সহ ৪টি কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি সিটিজেন চার্টার এর সকল নির্দেশনা সমূহ বাস্তবায়নের জন্য কমিটির সকল সদস্যকে আরও সচেতন হওয়ার জন্য আহ্বান জানান। বিস্তারিত আলোচনান্তে সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন করতে হবে;
- ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য অন্ততঃ ০১টি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করতে হবে; আওতাধীন দপ্তর সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সংক্ষিপ্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করতে হবে;
- সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অন্ততঃ ০১টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
০৭/৯/২০২৩  
প্রকৌঃ মোঃ ফারুক হোসেন)

## অনুলিপিঃ

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
- মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)/(টিএস)/(প্রশাসন)/(এলপিএম)/(পিএসডি)/(অপারেশন)/(আরডিএম), এসজিএফএল।
- আস্থায়ক (নৈতিকতা কমিটি), এসজিএফএল।
- নথি।